



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

17 February 2026

7:35 AM IST

=====

ৰাজ্যের মহিলাদের আত্ম নিৰ্ভর করতে ৰাজ্য সরকারের পক্ষ থেকে মহিলাদের মধ্যে আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে । গতকাল তামুলপুর জেলায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোগিতা অভিযানের অর্থ প্রদান করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন ----

#বাইট-

আসাম বিধানসভা নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করার উদ্দেশ্যে তিন দিনের সফর সূচী নিয়ে মুখ্য নিবাচনী আধিকারীক জ্ঞানেশ কুমারের নেতৃত্বে আসা প্রতিনিধি দলটি আজ ৰাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারীক অনুরাগ গোয়েলের সঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে এক বিশেষ সভায় মিলিত হবে । প্রতিনিধি দলটি আগামীকাল ৰাজ্যের ১শো জন বি এল ও'র সঙ্গে মত বিনিময় করবে । এছাড়া , ৰাজ্যের মুখ্য সচিব ও পুলিশ সঞ্চালক প্রধানের সঙ্গেও এক বৈঠকে মিলিত হবে । আগামীকাল

বিকেলে প্রতিনিধি দলটি একটি সাংবাদিক সম্মেলনে মিলিত হবে বলে জানানো হয়েছে ।

উল্লেখ্য নির্বাচন কমিশনের পূর্নাংগ দলটি গতকাল সন্ধ্যায় গুয়াহাটী এসেছে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে আসা ১২ জনের দলটিকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারীক অনুরাগ গোয়েল সহ অন্যান্য কয়েকজন উচ্চপদস্থ আধিকারীক লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমান বন্দরে স্বাগত জানান ।

আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ ২০২৬-২০২৭ অর্থ বছরের অন্তবর্তী লেখানুদান উত্থাপন করা হবে । আসম বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ বাজেটের পরিবর্তে অর্থমন্ত্রী অজন্তা নেওগ লেখানুদান দাখিল করবেন । বাজেট অধিবেশনে পরবর্তী তিন থেকে ছ'মাস রাজ্য চালানোর জন্য প্রয়োজনীয় অর্থের মঞ্জুরী দেওয়া হবে ।

এদিকে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের ভাষণের মধ্য দিয়ে গতকাল থেকে আসাম বিধানসভার বাজেট অধিবেশন শুরু হয়েছে । রাজ্যপাল শ্রী আচার্য তাঁর ভাষণের শুরুতে ভগবত গীতার বাণী ও মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের মানবতার আদর্শের কথা উল্লেখ করেন । রাজ্যপাল শ্রীআচার্য্য তার ভাষনে বলেন

#বাইট-রাজ্যপাল#

বাজেট অধিবেশনের প্রথম দিন রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগ অর্থ বিভাগের দুটি গ্যাজেট নোটিফিকেশন সহ ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবর্ষের প্রশাসনিক প্রতিবেদন দাখিল করেন। এরপর শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু উত্তর লক্ষিমপুর বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল-২০২৬ পেশ করেন। রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করে তা সমর্থন করা হয়।

আসাম লোকসেবা আয়োগ রাজ্য সরকারের বিভিন্ন পদে নিযুক্তির জন্য সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষা - ২০২৪-এর ফলাফল গতকাল ঘোষণা করেছে। এবারের এই পরীক্ষায় নিহার রঞ্জন ডেকা প্রথম স্থান লাভ করেছে। আয়োগ ৪৫টি আসাম অসামরিক সেবা, ২০টি আসাম পুলিশ সেবা, ৫১টি কর পরিদর্শক, ৯টি খন্ড উন্নয়ন আধিকারিক সহ বিভিন্ন সেবার পদে উত্তীর্ণ প্রার্থীদের বাছাই তালিকা গতকাল প্রকাশ করেছে। উল্লেখ্য প্রাথমিক এবং চূড়ান্ত পরীক্ষার পর গত ২০ জানুয়ারী থেকে ৯ ফেব্রুয়ারী পর্যন্ত মৌখিক সাক্ষাৎকার গ্রহণ করা হয়।

শ্রীভূমি জেলার লোয়াইরপোয়া-কানমুন সড়কের ২০ বাই ২ নম্বর সেতুটি দুর্বল হয়ে পড়ায় এই সেতুর উপর দিয়ে পাঁচ টনের বেশি ভারী যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। শ্রীভূমি জেলার পূর্ত সড়ক বিভাগের পাথারকান্দি এবং রামকৃষ্ণ নগর টি আর ডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশ জারী করেছেন।

শ্রীভূমির জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে জেলার সব লাইসেন্সধারী আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদের মালিকদের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ২০ ফেব্রুয়ারীর মধ্যে নিজের সংশ্লিষ্ট থানায় জমা করতে নির্দেশ জারী করেছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে জমাকৃত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ লাইসেন্সধারীদের ফেরত দেওয়া হবে। নির্দেশ অমান্য করলে ১৯৫৯ সালের অস্ত্র আইনের বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে।
